

# ডাকসু নির্বাচনে ছাত্রশিবিরের প্যানেলে প্রার্থী হচ্ছেন যারা

অনলাইন ডেক্স



মো. আরু সাদিক কার্যম ও এস এম ফরহাদ। সংগ্রহীত ছবি

ডাকসু নির্বাচনের তফসিল অনুযায়ী আগামীকাল মঙ্গলবার বিকেল

৪টায় শেষ হবে প্রার্থীদের মনোনয়নপত্র সংগ্রহের সময়। তবে

আজ সোমবার পর্যন্ত ডাকসু নির্বাচনের মনোনয়নপত্র সংগ্রহ

করেননি ছাত্রশিবিরের নেতারা।

সংগঠনটির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ও কেন্দ্রীয় নেতাদের সঙ্গে

কথা বলে জানা গেছে, আগামীকাল মঙ্গলবার শেষ দিনে

মনোনয়নপত্র সংগ্রহ করবেন ছাত্রশিবিরের নেতারা। সংগঠনটির

পক্ষ থেকে প্রাথমিকভাবে প্যানেলও চূড়ান্ত করা হয়েছে।

আগামীকাল মঙ্গলবার মনোনয়নপত্র সংগ্রহের পর আনুষ্ঠানিকভাবে

প্যানেল ঘোষণা করতে পারে ছাত্রশিবির।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ডাকসু নির্বাচনে ছাত্রশিবির ইনকুসিভ  
প্যানেল করার চেষ্টা করছে। যেখানে নারী, ভিন্ন ধর্মাবলম্বী ও  
পাহাড়ি শিক্ষার্থীদেরও দেখা যেতে পারে। এ ক্ষেত্রে ডাকসুর মূল  
তিনটি পদে ছাড় দেবে না সংগঠনটি।

ছাত্রশিবিরের একাধিক নেতা জানান, শীর্ষ তিনটি পদ তথা ভিপি,  
জিএস ও এজিএস পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন সংগঠনটির ঢাবি  
শাখার সাবেক ও বর্তমান নেতারা। এ ক্ষেত্রে সহসভাপতি (ভিপি)  
পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন ছাত্রশিবিরের ঢাবি শাখার সাবেক  
সভাপতি ও বর্তমানে কেন্দ্রীয় প্রকাশনা সম্পাদক মো. আবু সাদিক  
কায়েম। সাধারণ সম্পাদক (জিএস) পদে ঢাবি শাখার বর্তমান  
সভাপতি এস এম ফরহাদ এবং সহ-সাধারণ সম্পাদক (এজিএস)  
পদে ঢাবি শাখার বর্তমান সেক্রেটারি মহিউদ্দিন খান প্রতিদ্বন্দ্বিতা  
করবেন।

জানা যায়, ছাত্রশিবির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার কমিটি ১৮  
সদস্যের।

কমিটিতে থাকা ১৮ জনের সবাই ডাকসু নির্বাচনে প্রার্থী হতে  
পারেন। এ ছাড়া কমিটির বাইরে থাকা কর্মীরাও হল  
সংসদগুলোতে প্রার্থী হতে পারেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের প্রচার সম্পাদক মু. সাজ্জাদ  
হোসাইন খাঁ জানিয়েছেন, আগামীকাল ১১টায় ছাত্রশিবিরের  
মনোনীত প্রার্থীরা ফরম উত্তোলন করবেন।

ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি জাহিদুল ইসলাম সাংবাদিকদের  
বলেন, ‘প্রাথমিকভাবে আমরা প্যানেল ঠিক করেছি, কারা নির্বাচনে  
লড়বেন। তবে চূড়ান্ত প্যানেল এখনো ঠিক হয়নি।

আগামীকাল মনোনয়ন ফরম সংগ্রহের শেষ দিন, সেদিন আমরা  
জানাব। আমরা একটি ইনকুসিভ প্যানেল করার চিন্তা-ভাবনা  
করছি।’